

শিক্ষা নিয়ে রাজনীতি করবে না সরকার

অনলাইন ডেস্ক



শিক্ষা নিয়ে সরকার রাজনীতি করবে না বলে
মন্তব্য করেছেন শিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ।

তিনি বলেন, ‘শিক্ষা নিয়ে রাজনীতি করবে না
সরকার, শিক্ষা নিয়ে দেশ গড়ব। শিক্ষাপ্রতিষ্ঠান
থেকে শুরু করে মন্ত্রণালয়কে স্বচ্ছতা ও
জবাবদিহিতার আওতায় আনা হবে।’

আজ বৃহস্পতিবার সচিবালয়ে সাংবাদিকদের
সঙ্গে কথা বলার সময় তিনি এই মন্তব্য করেন।

বাংলা ইংরেজির পাশাপাশি শ্রমবাজারে
প্রয়োজন আছে এমন ভাষা শিক্ষার ব্যবস্থা করা
হবে জানিয় শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, মাধ্যমিক
স্তর থেকে শিক্ষার্থীদের জন্য খেলাধুলা

বাধ্যতামূলক করা হবে। মাধ্যমিক পর্যায়ে
কারিগরি শিক্ষাকে অন্তর্ভুক্ত করা হবে।